# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 20 April, 2025

রাজধানীর হাতিরঝিল এলাকায় দুর্বৃত্তের গুলিতে যুবদলের ওয়ার্ড পর্যায়ের এক কর্মী আহত হয়েছেন।আশঙ্কাজনক অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শনিবার রাত পৌনে ১২টার দিকে হাতিরঝিল মোড়ল গলিতে।আহত আরিফ সরদার (৩৫) ৩৬ নম্বর ওয়ার্ড যুবদলের কর্মী।

হাতিরঝিল থানার উপপরিদর্শক (এসআই) মো. রাসেল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, রাতে তারা খবর পান মোড়ল গলিতে এক যুবক রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন।দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তারা ওই যুবককে উদ্ধার করে আহত অবস্থায় ঢাকা মেডিকেলে নিয়ে যান। চিকিৎসকরা জানিয়েছেন, গুলিটি যুবকের মাথায় ঢুকে কপাল দিয়ে বেরিয়ে গেছে।তার অবস্থা আশঙ্কাজনক।

এসআই আরও জানান, আহত আরিফ সরদার হাতিরঝিল থানার ৩৬ নম্বর ওয়ার্ড যুবদলের সদস্য এবং পেশায় ওয়ার্কশপের কর্মচারী।তবে কারা বা কী কারণে তাকে গুলি করেছে, তা এখনো জানা যায়নি।বিষয়টি তদন্তাধীন রয়েছে।

আহত আরিফের গ্রামের বাড়ি মাদারীপুর জেলার শিবচর উপজেলার হোগলা বালিকান্দি গ্রামে। তার বাবার নাম গিয়াস উদ্দিন সরদার।বর্তমানে তিনি ডেমরা স্টাফ কোয়ার্টারে ভাড়া থাকেন।

রাজধানী যুবদল মেডিকেল কলেজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:54

URL: https://www.timestodaybd.com/across-the-country/2513941111